

নিরাপদ  
কর্মপরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
সেফটি শাখা

এগিয়ে যাচ্ছে  
বাংলাদেশ

২৩-২৪, বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৩.৩৩.০০১.১৭.১৬৭

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪

০১ এপ্রিল ২০১৮

বিষয়: **Human Properties Limited** কে **DEA** ফার্ম হিসেবে নিবন্ধন বাতিলকরণ  
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০১/০৬/২০১৫ তারিখে আপনার প্রতিষ্ঠানটি অত্র অধিদপ্তর কর্তৃক **DEA** ফার্ম হিসেবে নিবন্ধিত হয়। উক্ত নিবন্ধনের পরে আপনার প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত অদ্যাবধি ১১ টি **DEA** রিপোর্ট অত্র অধিদপ্তরে বিভিন্ন কারখানা কর্তৃকপক্ষ দাখিল করেন। **Task Force on Structural DEA** এর বিভিন্ন সভায় উপস্থিত উক্ত **DEA** সমূহ পর্যালোচনা করে একই ধরনের ত্রুটি বারংবার পরিলক্ষিত হয় যা বাস্তবায়িত হলে ভবনের নিরাপত্তা নিশ্চিত হবে না। যার পরিপ্রেক্ষিতে গত ১৬/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য **Task Force on Structural DEA** এর সপ্তদশ সভায় আপনার প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১৭/০২/২০১৮ খ্রিঃ তারিখে অত্র অধিদপ্তর কর্তৃক আপনার প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয় এবং উক্ত পরিদর্শনে অত্র অধিদপ্তরে নিবন্ধনকৃত ঠিকানা অনুযায়ী আপনার প্রতিষ্ঠানটির কোন অস্তিত্ব পাওয়া যায় নাই। যার প্রেক্ষিতে গত ১৮/২/২০১৮ তারিখে ৪০.০১.০০০০.১০৩.৩৯.০০১.১৭.৭২ স্মারক নং পত্র মারফৎ অত্র অধিদপ্তর কর্তৃক আপনার ফার্ম এর নিবন্ধন কেন বাতিল করা হবে না এ মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় যার কোন উপযুক্ত জবাব আপনার পক্ষ হতে প্রদান করেননি। এছাড়া বিভিন্ন কারখানা হতে প্রাপ্ত **DEA Completion Certificate**-সমূহ যথাযথভাবে দাখিল করা হয় নাই। উপরন্তু গত ২২/০২/২০১৮ খ্রিঃ তারিখে আপনার প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত পত্র মারফত জানা যায় যে, আপনার প্রতিষ্ঠান **Human Properties Ltd** অত্র অধিদপ্তর কর্তৃক **DEA** ফার্ম হিসেবে নিবন্ধিত হবার পর ঠিকানা পরিবর্তন করেন যা বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ধারা-৩২৫ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-৩৫২(৩) মোতাবেক অত্র অধিদপ্তরের মহাপরিদর্শক বা সংশ্লিষ্ট উপমহাপরিদর্শককে অবহিত করেন নাই।

এমতবস্থায়, উক্ত বিষয়বলী বিবেচনাপূর্বক গত ২০/০৩/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য **Task Force on Structural DEA** এর ২৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র অধিদপ্তর কর্তৃক আপনার ফার্ম এর নিবন্ধন বাতিল ঘোষণা করা হল।



১-৪-২০১৮

মোঃ সামছুজ্জামান ভূইয়া

মহাপরিদর্শক

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮

ইমেইল: [chiefdife@gmail.com](mailto:chiefdife@gmail.com)

ব্যবস্থাপনা পরিচালক, **Human Properties Ltd** কে-২৮৬,  
সালাম ম্যানশন (১ম তলা), বিআইডিসি রোড, জয়দেবপুর, গাজীপুর এবং  
বাসা নং-১৩২০, এভিনিউ-০২, রোড নং-১৩, ডিওএইচএস, মিরপুর, ঢাকা  
-১২১৬।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৩.৩৩.০০১.১৭.১৬৭/১(২৬)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪

০১ এপ্রিল ২০১৮

বিতরণঃ জ্ঞাতার্থে/কার্যার্থে:

১) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



১-৪-২০১৮

মোঃ সামছুজ্জামান ভূইয়া

মহাপরিদর্শক